



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সিলেট
dss.sylhetdiv.gov.bd

স্মারক নম্বর: ৪১.২৮.০০০০.০০০.১৬.০১৭.১৯.৫২

তারিখ: ৮ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
২২ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: উপজেলা সমাজসেবা কার্যালয়, জগন্নাথপুর, সুনামগঞ্জ পরিদর্শনের প্রেক্ষিতে বাস্তবায়নযোগ্য
নির্দেশনা।

সূত্র: বিভাগীয় সমাজসেবা অফিসের ১৮ জানুয়ারি ২০২৩ তারিখের পরিদর্শন

উপর্যুক্ত বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, ১৮ জানুয়ারি ২০২৩ তারিখ উপজেলা সমাজসেবা কার্যালয়, জগন্নাথপুর, সুনামগঞ্জ সরেজমিনে পরিদর্শন করা হয়। অফিসটি পরিদর্শনপর পর্যবেক্ষণ ও নির্দেশনাসমূহ পরবর্তী ব্যবস্থা গ্রহণে নিম্নে তুলে ধরা হলো:

১. সামাজিক নিরাপত্তা খাতে দ্বিতীয় কিস্তিতে প্রতিবন্ধী ভাতা ৮২১ জন এর পে রোল অবশিষ্ট রয়েছে;
২. আরএসএস সুদমুক্ত ক্ষুদ্রঋণ খাতে ৬৭, ৮৩, ৬৮০ টাকা অনাদায়ী, শুরু হতে ৬ষ্ঠ পর্ব পর্যন্ত বিনিয়োগ ৭,০১১,০০০ টাকা ও পুনঃবিনিয়োগের ১০,৯০,১০০ টাকা মাঠে অনাদায়ী।
৩. পল্লী মাতৃকেন্দ্র খাতে ২,০৬,০০০ টাকা নতুন বরাদ্দ বিনিয়োগ হয়নি; মাঠে অনাদায়ী বিনিয়োগ ৪,২৯,৪০০ টাকা এবং পুনঃবিনিয়োগ ৩,৯৭০,০০ টাকা।
৪. দক্ষ ও প্রতিবন্ধী ঋণখাতে সর্বমোট মাঠে অনাদায়ী অর্থ ৯,৮৭,০৬৩ টাকা;
৫. ক্ষুদ্রঋণ ও আর্থ-সামাজিক খাতের কোন ব্যাংক প্রতিবেদন কর্মকর্তা উপস্থাপন করতে পারেননি যার দরুন সার্ভিস চার্জ ও সুদের হিসাব এখনও বের করা সম্ভব হয়নি; ক্ষুদ্রঋণ খাতের কোন প্রকল্প গ্রামের ক্যাশবহি উপস্থাপন করতে পারেননি;
৬. রোগীকল্যাণ সমিতির ৬,৫০,০০০ টাকা ব্যাংকে গচ্ছিত আছে যার দরুন অসহায়/হতদরিদ্র রুগীসমাজ চিকিৎসা সহায়তা সেবা হতে নিয়মিতভাবে বঞ্চিত হচ্ছে এবং উপজেলা সমাজকল্যাণ কমিটির ব্যাংক একাউন্টে ১,৩৫,০০০ টাকা অবিতরণকৃত অবস্থায় গচ্ছিত রয়েছে।
৭. ভিক্ষুক পুনর্বাসন কার্যক্রমের ৩,০০,০০০ টাকা ব্যাংকে গচ্ছিত আছে।
৮. laptop ০২টি, desktop ০২টি, printer ০৪টি সবকয়টি সচল আছে;

এমতাবস্থায় ক্ষুদ্রঋণ ও আর্থ-সামাজিক খাতের সকল বিনিয়োগ ও পুনঃবিনিয়োগযোগ্য অর্থ মাঠে বিতরণ, যাবতীয় অনাদায়ী অর্থ আদায়, ভিক্ষুক পুনর্বাসন তহবিল, রুগীকল্যাণ সমিতি ও উপজেলা সমাজকল্যাণ কমিটির ব্যাংকে গচ্ছিত অর্থ যথাযথ বিতরণ/ব্যবহার এবং সকল রেজিস্ট্রার, ক্যাশবহি ও অন্যান্য দলিলাদি হালনাগাদকরণ ইত্যাদি কার্যাদি আগামী ২৮ ফেব্রুয়ারি ২০২৩ এর মধ্যে শতভাগ সম্পন্ন করত: অবশিষ্ট সকল খাতের পে রোল ২৩ জানুয়ারি ২০২৩ এর মধ্যে দাখিল করত: অত্র দপ্তরকে অবহিত করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

২২-০১-২০২৩

মোহাম্মদ শহীদুল ইসলাম

পরিচালক

০১৮১৮৫৯৫৩৪৫

shahidulislam.dss@gmail.com

উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সুনামগঞ্জ।

স্মারক নম্বর: ৪১.২৮.০০০০.০০০.১৬.০১৭.১৯.৫২ /১ (৪)

তারিখ: ৮ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
২২ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানসারে নয়):

www.ssh.gov.bd

১। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, ঢাকা;

২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;

৩। উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়, উপজেলা সমাজসেবা কার্যালয়, জগন্নাথপুর, সুনামগঞ্জ এবং

৪। অফিস কপি।



২২-০১-২০২৩

মোহাম্মদ শহীদুল ইসলাম
পরিচালক